

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫১৯

৪৫/ দু'আসমূহ (ৠৣ كتاب الدعوات عن رسول الله

পরিচ্ছেদঃ ৮৭. (তাসবীহ, তাহলীল, তাহমীদ ও তাকবীরের ফ্যীলত)

باب

আরবী

حَدَّثَنَا هَنَّادُ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ جُرَيِّ النَّهْدِيِّ، عَنْ رَجُلٍ، مِنْ بَنِي سُلَيْمٍ قَالَ عَدَّهُنَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي يَدِي أَوْ فِي يَدِهِ " التَّسْبِيحُ نِصنْفُ الْمِيزَانِ وَالْحَمْدُ يَمْلَؤُهُ وَالتَّكْبِيرُ يَمْلاً مَا بَيْنَ السَّمَاءِ وَالأَرْضِ وَالصَّوْمُ نِصنْفُ الصَّبْرِ وَالطُّهُورُ نِصنْفُ الإِيمَانِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَقَدْ رَوَاهُ شُعْبَةُ وَسُفْيَانُ التَّوْرِيُّ عَنْ أَبِي إِسْحَاقَ .

বাংলা

৩৫১৯। সুলাইম গোত্রের এক ব্যক্তি হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার হতে অথবা তার হতে এসব বাক্য গুনে গুনে বলেনঃ "তাসবীহ" (সুবহানাল্লাহ) হল মীযানের অর্ধেক, "আলহামদু লিল্লাহ" তাকে পূর্ণ করে দেয় এবং তাকবীর (আল্লাহু আকবার) আকাশ ও যমিনের মধ্যবর্তী জায়গা পরিপূর্ণ করে দেয়। রোযা সবর ও সহিষ্ণুতার অর্ধেক এবং পবিত্রতা ঈমানের অর্ধেক।

যঈফ, মিশকাত (২৯৬), তা'লীকুর রাগীব (২/২৪৬)

আবু ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান। শুবা ও সুফিয়ান সাওরী এ হাদীস আবু ইসহাক হতে বর্ণনা করেছেন।

English

A man from Banu Sulaim narrated:

"The Messenger of Allah (ﷺ) counted them out in my hand" - or - "in his hand: 'At-Tasbīḥ is half of the Scale, and "All praise is due to Allah (Al-Ḥamdulillāh)" fills it, and At-Takbīr (Allāhu Akbar) fills what is between the sky and the earth, and fasting is half of patience, and purification is half of



faith."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন